"শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ"
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
কেন্দ্রীয় সচিবালয়
ওয়াপদা ভবন(২য় তলা), মতিঝিল, ঢাকা
www.bpdb.gov.bd

বিষয়: **যথাযোগ্য মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী সুষ্ঠুভাবে উদযাপনের লক্ষ্যে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক ১৯ ফেব্রুয়ারি ২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: বেলায়েত হোসেন<br>চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড |
| সভার তারিখ | : | ১৯ ফেব্রুয়ারি ২০২০ |
| সভার সময় | : | সকাল ১০ : ০০ ঘটিকা |
| সভার স্থান | : | বোর্ড সভাকক্ষ, বিদ্যুৎ ভবন, আব্দুল গণি রোড, ঢাকা |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট-"ক" |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে সভাকে অবহিত করা হয় যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে মুজিববর্ষ (১৭ মার্চ ২০২০ হতে ১৭ মার্চ ২০২১)কে সেবা বর্ষ ঘোষণা এবং গ্রাহক সেবা আকর্ষণীয় করার লক্ষ্যে বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক ২৩ জানুয়ারি ২০২০ তারিখে গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়নের বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনার জন্য অদ্যকার এ সভা আহ্বান করা হয়েছে। অতপর সভার সভাপতি জনাব মো: বেলায়েত হোসেন, চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড সদস্য (প্রশাসন), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড জনাব জহরুল হককে কর্মপরিকল্পনা অনুযায়ী আলোচনা করার আহ্বান জানান।

২। সদস্য (প্রশাসন) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে ০১(এক)টি কেন্দ্রীয় সাংগঠনিক কমিটি ও ০৫(পাঁচ)টি উপকমিটি গঠন করা হয়েছে। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতাধীন বিভিন্ন দপ্তর, বিদ্যুৎ কেন্দ্র ও বিতরণ জোন মুজিববর্ষকে সেবা বর্ষ হিসেবে বিবেচনায় নিয়ে গ্রাহক সেবা কিভাবে আকর্ষণীয় করা যায় ইতিমধ্যে সেভাবে প্রস্তুতি গ্রহণ করেছে। যথাযোগ্য মর্যাদায় মুজিববর্ষ পালন উপলক্ষ্যে বাস্তবায়নকৃত সকল কর্মকান্ড ও গৃহীত কর্মপরিকল্পনা জাতীয় দিবসসমূহ ও রাষ্ট্রীয় সকল কর্মসূচীর সহিত সমন্বয়পূর্বক বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতাধীন বিভিন্ন দপ্তর, বিদ্যুৎ কেন্দ্র ও বিতরণ অঞ্চলে ১৭ মার্চ ২০২০ হতে ১৭ মার্চ ২০২১ বছরব্যাপী ডিজিটাল ব্যানার, বিলবোর্ড, ম্যাগাজিন, প্রকাশনা ইত্যাদির মাধ্যমে প্রচার ও প্রকাশের উপর জোর দেয়া হয়। সে অনুযায়ী সভার সভাপতি জনাব মো: বেলায়েত হোসেন, চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড উপকমিটিসমূহকে বাস্তবায়নকৃত সকল কর্মকান্ড, অগ্রগতি ও গৃহীত কর্মপরিকল্পনা অনুযায়ী বিস্তারিত আলোচনা করার প্রস্তাব করেন। তদনুযায়ী বিস্তারিত আলোচনা হয়। উপকমিটিসমূহের আলোচনার উপর সভার সভাপতি চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ও অন্যান্য সদস্যগণের মতামত ও পর্যালোচনায় কর্মপদ্ধতি ও কর্মপরিকল্পনা পুনর্বিন্যাস ও পুনর্নির্ধারন করা হয়। উপকমিটির আহবায়কগণ কর্মপরিকল্পনার কাজের ধরণ অনুযায়ী বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের কর্মকর্তাগণকে সাথে নিয়ে কার্যক্রম জোরদার করবেন মর্মে সভায় জানানো হয়। আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

**বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড-এর অধিক্ষেত্রে শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত উপকমিটি:**

ক) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর আওতাধীন ৯৬ ভাগ এলাকায় বিদ্যুতায়ন কার্যক্রম সম্পন্ন হয়েছে। পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের ২৬টি ও চট্টগ্রাম, কুমিল্লা ও ময়মনসিংহ এর ০৪টি দীপাঞ্চল এলাকায় বিদ্যুতায়ন কার্যক্রম অবশিষ্ট রয়েছে, যার গ্রাহক সংখ্যা প্রায় ৪ লক্ষ। উপকমিটি সভায় জানান যে, ২০২০ সালের ডিসেম্বর মাসের মধ্যে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর আওতাধীন ৯৯ ভাগ এলাকায় নির্ভরযোগ্য ও মানসম্পন্ন বিদ্যুতায়ন কার্যক্রম সম্পন্ন করা সম্ভব। তবে অফগ্রীড এলাকার জন্য ১ভাগ বিদ্যুতায়ন কার্যক্রম অসম্পন্ন থাকতে পারে, তবে শতভাগ এলাকায় বিদ্যুতায়ন কার্যক্রম সম্পন্ন করার প্রচেষ্টা অব্যাহত থাকবে;

খ) পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের দ্রুততম সময়ের মধ্যে নির্ভরযোগ্য ও মানসম্পন্ন বিদ্যুতায়ন কার্যক্রম সম্পন্ন করার জন্য পোল সরবরাহ বৃদ্ধি অথবা স্টিলের পোল ব্যবহার করে কার্যক্রম সম্পন্ন করা;

গ) ডিজিটাল ব্যানার, বিলবোর্ড ইত্যাদি যুগোপযোগী মাধ্যমে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর আওতাধীন সকল বিতরণ এলাকায় মুজিববর্ষকে সেবা বর্ষ বিবেচনায় নিয়ে গ্রাহক সেবা আকর্ষণীয় ও জনগনের নিকট পৌঁছে দেয়া ও প্রচারণা চালানো;

ঘ) বৈদ্যুতিক সরঞ্জামাদি এবং বৈদ্যুতিক ক্যাবলের Standard Specification এবং বৈদ্যুতিক ওয়্যারিং ইউনিফাইড করার উদ্যোগ গ্রহণ অব্যাহত থাকবে;

ঙ) বিদ্যুতের অপচয় রোধে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতাধীন এলাকায় ইতিমধ্যে ১ লক্ষ প্রি-পেইড মিটারিং কার্যক্রম চলমান রয়েছে এবং নির্ভরযোগ্য ও মানসম্পন্ন বিদ্যুতায়ন সেবা জনগনের নিকট পৌঁছে দেয়ার লক্ষ্যে স্মার্ট মিটারিং প্রকল্প গ্রহণ করা;

চ) মুজিববর্ষে শতভাগ বিদ্যুতায়নে সরকারের প্রথম টার্গেট ও প্রধান চ্যালেঞ্জ হিসেবে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতাধীন বিতরণ এলাকাসমূহে বিভিন্ন ধরনের কর্মসূচী হাতে নেয়া হবে।

**উৎকর্ষতা এবং উদ্ভাবনী কর্মকান্ড সংক্রান্ত উপকমিটি:**

ক) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর সকল কর্মকর্তা/কর্মচারীর সেবার মানোন্নয়ন বৃদ্ধিতে বিভিন্ন কর্মসূচী প্রণয়ন করা;

খ) ২০২০ সালের ১৭ মার্চ হতে ২০২১ সালের ১৭ মার্চ পর্যন্ত সময়কে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক 'সেবা বর্ষ' ঘোষণা করায় বছরব্যাপী সৌন্দর্যবর্ধনকৃত ডিজিটাল ব্যানার, বিলবোর্ড, ম্যাগাজিন, প্রকাশনা ইত্যাদির মাধ্যমে প্রচার ও প্রকাশের উপর জোর দেয়া;

গ) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতাধীন বিদ্যুৎ কেন্দ্র/দপ্তরসমূহের সকল অফিস আদেশ, পত্র, প্রজ্ঞাপন, সার্কুলার ও বিজ্ঞপ্তিতে মুজিববর্ষের লোগো'র যথাযথ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে;

ঘ) গ্রাহক সেবার উৎকর্ষ সাধনে বঙ্গবন্ধুর দর্শনের ভিত্তিতে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর, বিদ্যুৎ কেন্দ্র ও বিতরণ জোনসমূহের মধ্যে 'ইনোভেশন প্রতিযোগিতা' এর আয়োজন করার উদ্যোগ নেয়া হবে;

ঙ) বৈদ্যুতিক খাতে দেশে ও বিদেশে দক্ষ জনশক্তির চাহিদা পূরণকল্পে বৈদ্যুতিক কর্ম পেশায় দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে 'মুজিববর্ষে' প্রশিক্ষণ কর্মসূচির আওতায় ইতিমধ্যে ২১০ জনকে প্রশিক্ষণ প্রদান করা সম্ভব হয়েছে, যার মধ্যে ৬০ ভাগ কোর্স সম্পন্নকারীকে বৈদ্যুতিক লাইসেন্স বোর্ড কর্তৃক সনদ বিতরণ উপযোগী হিসেবে ঘোষনা করেছে। টার্গেটকৃত ১২০০ জনের মধ্যে অবশিষ্ট সংখ্যককে প্রশিক্ষণ প্রদান বাস্তবায়নাধীণ থাকবে;

চ) 'মুজিববর্ষে' বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এবং এর আওতাধীন বিভিন্ন দপ্তর, বিদ্যুৎ কেন্দ্র ও বিতরণ জোনসমূহের মধ্যে পরিস্কার-পরিচ্ছন্নতা বিষয়ে প্রতিযোগিতার আয়োজন কর্মসূচী ঘোষনা করা হয়েছে;

ছ) বঙ্গবন্ধু ও বিদ্যুৎ খাতের বিবর্তনের উপর মানসম্পন্ন প্রকাশনা প্রকাশের জন্য বঙ্গবন্ধু প্রকৌশলী পরিষদের সাথে সমন্বয়পূর্বক বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক পদক্ষেপ গ্রহণ করতে হবে;

জ) ১ মার্চ ২০২০ তারিখে 'মুজিববর্ষ' পালন উপলক্ষে প্রশিক্ষণপ্রাপ্ত ইলেকট্রিশিয়ানদের মধ্যে সনদ বিতরণ অনুষ্ঠান আয়োজনে সহযোগীতা করা;

ঝ) সেবা বর্ষে (১৭ মার্চ ২০২০-১৭ মার্চ ২০২১) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণ সেবা প্রদানের লক্ষ্যে নির্ধারিত সময়ের অতিরিক্ত ১ ঘন্টা বেশী কাজ করার বিষয়ে অফিস আদেশ জারি করা হয়েছে এবং কর্মঘন্টার বিষয়টি দ্রুততম সময়ের মধ্যে ডিজিটাল ব্যানার ও বিলবোর্ডে প্রচার করার পদক্ষেপ নেয়া হয়েছে;

ঞ) বঙ্গবন্ধুর দর্শন, জাতীয় উন্নয়নে বিদ্যুৎ খাতের অবদান, বিদ্যুৎ খাতের অর্জন বিষয়ে জাতীয় বিদ্যুৎ সপ্তাহ আয়োজনে বিদ্যুৎ বিভাগকে বিভিন্ন ধরনের সহায়তা করা অব্যাহত থাকবে;

ট) জাতীয় পর্যায়ে বঙ্গবন্ধু শেখ মুজিবের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে যে ওয়েবসাইট তৈরি করা হবে তার সাথে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর লিংক স্থাপন করা;

ঠ) জাতীয় পর্যায়ে ভিডিও কনফারেন্সের মাধ্যমে সকল কর্মসূচী বাস্তবায়নে ও প্রচারণায় বিদ্যুৎ বিভাগের সাথে সমন্বয় সাধন করা।

**"আমার গ্রাম আমার শহর" কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত উপকমিটি:**

ক) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতাধীন এলাকায় নির্ভরযোগ্য ও মানসম্পন্ন বিদ্যুতায়ন সেবা জনগনের নিকট পৌঁছে দেয়ার লক্ষ্যে কার্যক্রম চলমান থাকবে;

খ) নির্ধারিত ও স্বল্পতম সময়ের মধ্যে Online Based এবং At A Time ও At A Glance মানসম্পন্ন বিদ্যুতায়নের সকল ধরনের সেবা জনগনের নিকট পৌঁছে দেয়ার লক্ষ্যে কাজ করা;

গ) "আমার গ্রাম আমার শহর" বিষয়বস্তুকে সামনে রেখে মডেল গ্রাম নির্বাচনপূর্বক নির্ভরযোগ্য ও মানসম্পন্ন বিদ্যুৎ সরবরাহ করে পূর্ণাঙ্গরূপে গ্রামের উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়ন ও দ্রুততম সময়ের মধ্যে ডিজিটাল ব্যানার ও বিলবোর্ডে প্রচারের ব্যবস্থা গ্রহণ করা হবে;

ঘ) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানিতে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মজীবন উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন। দুর্নীতির ক্ষেত্রে জিরো টলারেন্স নীতি প্রতিপালনপূর্বক গ্রাহক হয়রানি দূরীকরণের লক্ষ্যে নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন করা;

ঙ) অংশগ্রহণমূলক সম্পাদিত কর্ম-মূল্যায়ন পদ্ধতির প্রবর্তন ও বাস্তবায়ন। প্রতিটি দপ্তর, বিদ্যুৎ কেন্দ্র ও বিতরণ জোনের মধ্য থেকে কার্যক্ষেত্রে সফলতার জন্য বঙ্গবন্ধু Service Excellence Award প্রদান এবং বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতাধীন এলাকায় সেবা প্রদানের ক্ষেত্রে একজন সেরা বিদ্যুৎ কর্মী ও একজন সেরা বিদ্যুৎ গ্রাহককে বঙ্গবন্ধু পুরস্কার প্রদানের ব্যবস্থা নেয়া;

চ) মুজিববর্ষে বিদ্যুতের অপচয় রোধ ও অবৈধ সংযোগমুক্ত বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বছরব্যাপী বিশেষ কার্যক্রম গ্রহণ;

ছ) বিদ্যুতের সাশ্রয়ী ও দায়িত্বপূর্ণ ব্যবহারের লক্ষ্যে জনগণকে উদ্বুদ্ধকরণ, গ্রাহক সেবার মানোন্নয়নে বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের প্রতিশ্রুতি এবং করণীয় সম্পর্কে সকল দপ্তর/বিদ্যুৎ কেন্দ্রে Data Based ডিজিটাল ব্যানার ও বিলবোর্ডে প্রচারের ব্যবস্থা জোরদার করা;

জ) ওয়াপদা ভবন ও বিদ্যুৎ ভবন উভয় স্থাপনাতেই সৌন্দর্যবর্ধনকৃত ডিজিটাল ব্যানার ও বিলবোর্ডে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**গ্রাহক সেবার মানোন্নয়ন সংক্রান্ত উপকমিটি:**

ক) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতাধীন বিতরণ এলাকায় প্রতিটি নিবার্হী প্রকৌশলী/আবাসিক প্রকৌশলী পর্যায়ের কর্মকর্তাগণ উপস্থিত থেকে গ্রাহক সমাবেশ করবেন এবং তাৎক্ষণিক সমস্যার সমাধান করবেন;

খ) গ্রাহক সেবার মান উন্নয়ন ও গ্রাহকদের ভোগান্তি লাঘবে অভিযোগ গ্রহণ ও প্রতিকার ব্যবস্থাপনা (Grievance Redress System)-কে উন্নত করতে নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন। সেবা গ্রহীতাদের অভিযোগ গ্রহণ ও তা দ্রুত সমাধানের লক্ষ্যে Call Center ও একটি বিশেষ হট লাইন নম্বর পদ্ধতির প্রবর্তণ;

গ) সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় সুফলভোগী দরিদ্র জনগোষ্ঠীর জন্য বিদ্যুৎ সেবা সহজীকরণে পদক্ষেপ নেয়া;

ঘ) সেবা সম্পর্কিত বঙ্গবন্ধুর বিভিন্ন বক্তৃতা ও উদ্বৃতি সংকলন করে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর আওতাধীন সকল দপ্তর, বিদ্যুৎ কেন্দ্র ও বিতরণ জোনের সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারিদের মাঝে বিতরণ এবং জনগণকে বিদ্যুৎ সাশ্রয় ও দুর্ঘটনা প্রতিরোধে করণীয় সম্পর্কে সচেতন করার লক্ষ্যে ফ্লায়ার্স/লিফলেট বিতরণ এর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

ঙ) বিদ্যুতায়নে জাতির পিতার অবদান, বাংলাদেশের সংবিধানে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড গঠন, বিদ্যুৎ খাতের অর্জন এবং এতদসংক্রান্ত জাতির পিতার উক্তি ও কর্মকান্ড অন্তর্ভুক্ত করে বঙ্গবন্ধু প্রকৌশলী পরিষদের সাথে সমন্বয়পূর্বক বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক ডকুমেন্টারি প্রস্তুতকরতঃ সৌন্দর্যবর্ধনকৃত ডিজিটাল ব্যানার ও বিলবোর্ডে প্রচারের ব্যবস্থা গ্রহণ;

চ) গ্রাহক সেবার মান উন্নয়ন ও গ্রাহকদের ভোগান্তি লাঘবে অভিযোগ গ্রহণ ও প্রতিকার ব্যবস্থাপনা উন্নত করতে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতাধীন সকল প্রকৌশলী/কর্মকর্তাগণের সমন্বয়ে যুগোপযোগী সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার প্রচারণা চালানো হবে।

**<u>টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি এবং গ্রাহক সচেতনতা সংক্রান্ত উপকমিটি:</u>**

ক) বিদ্যুতায়নে জাতির পিতার অবদান, বাংলাদেশের সংবিধানে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড গঠন, বিদ্যুৎ খাতের অর্জন এবং এতদসংক্রান্ত জাতির পিতার উক্তি ও কর্মকান্ড সারা বছর ধরে বিভিন্ন সেমিনার, সভা, প্রিন্ট/ইলেকট্রনিক ও সোশ্যাল মিডিয়ায় প্রচার;

খ) মুজিববর্ষ পালন উপলক্ষে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর আওতাধীন ব্যবহৃত সকল প্রকার যানবাহনে সকল মুজিববর্ষের লোগো'র যথাযথ ব্যবহার ও সজ্জিতকরণ নিশ্চিত করার জন্য পদক্ষেপ গ্রহণ;

গ) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতাধীন এলাকায় বিদ্যুতের অপচয় এবং বিদ্যুতের দূর্ঘটনা রোধকল্পে স্কুল/কলেজ/মাদ্রাসা ও ধর্মীয় প্রতিষ্ঠানে শিক্ষক/শিক্ষার্থী ও সাধারন জনগণকে সাথে নিয়ে সচেতনতামূলক কার্যক্রম আয়োজন।

ঘ) বঙ্গবন্ধুর সোনার বাংলা বিনির্মাণে বিদ্যুতের ভূমিকা এবং টেকসই উন্নয়নে বিদ্যুৎ সাশ্রয় ও বিদ্যুতের যৌক্তিক ব্যবহারের লক্ষ্যে প্রচারণামূলক কার্যক্রম;

ঙ) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের বিদ্যুৎ বিতরণ/উৎপাদন কেন্দ্রের প্রবেশ দ্বারে বঙ্গবন্ধুর সেবা সম্পর্কিত বক্তব্য ও উক্তিসমূহ ইলেকট্রনিক বোর্ড স্থাপনের মাধ্যমে প্রচারের ব্যবস্থাকরণ;

চ) মুজিব কর্ণার/মুজিব যাদুঘর প্রস্তুতকরতঃ উদ্বোধনের জন্য ১৭ই মার্চ ২০২০ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক মাননীয় প্রতিমন্ত্রী জনাব নসরুল হামিদ বিপু'কে প্রধান অতিথি হিসেবে আমন্ত্রণ জানানো।

ছ) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড গঠণে বঙ্গবন্ধুর অবদান, ইতিহাস (ভাষা আন্দোলন ফেব্রুয়ারি ১৯৫২ হতে আগষ্ট ১৯৭৫), ঐতিহ্য ও সোনার বাংলা বিনির্মাণে তাঁর সকল কর্মকান্ড তুলে ধরে বঙ্গবন্ধু প্রকৌশলী পরিষদের সাথে সমন্বয়পূর্বক বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক ডকুমেন্টারি প্রস্তুতকরতঃ সৌন্দর্যবর্ধনকৃত ডিজিটাল ব্যানার ও বিলবোর্ডে প্রচারের ব্যবস্থা গ্রহণ;

৩। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে গৃহীত কর্মপরিকল্পনা গুরুত্ব সহকারে বাস্তবায়নের জন্য কেন্দ্রীয় সাংগঠনিক কমিটি ও সকল উপকমিটির সমন্বয়ে পরবর্তী সভা আগামী ০১ মার্চ ২০২০ তারিখে সভা অনুষ্ঠিত হবে।

৪। উপকমিটিসমূহ আগামী ২৭ ফেব্রুয়ারি ২০২০ তারিখের মধ্যে বাস্তবায়নকৃত কর্মসূচী ও বিস্তারিত কর্মপরিকল্পনা প্রণয়ন করতঃ কেন্দ্রীয় সাংগঠনিক কমিটির সদস্য সচিবের নিকট জমা দিতে হবে।

৫। ২, ৩ ও ৪ নম্বর অনুচ্ছেদে বর্ণিত কর্মসূচী ও কর্মপরিকল্পনা অনুমোদন করা হল।

৬। অতঃপর, আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২২/০২/২০২০

(মো: বেলায়েত হোসেন)
চেয়ারম্যান
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

স্মারক নম্বর: ২৭.১১.০০০০.১০১.২৩.০০১.২০-১৪৮ তারিখ: ১৯ ফেব্রুয়ারি ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। চেয়ারম্যান ও আহবায়ক, কেন্দ্রীয় সাংগঠনিক কমিটি, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।

৩। সদস্য, প্রশাসন(অতিরিক্ত সচিব) ও আহবায়ক, উৎকর্ষতা এবং উদ্ভাবনী কর্মকান্ড সংক্রান্ত উপকমিটি, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।

৪। সদস্য (অর্থ) ও আহবায়ক, গ্রাহক সেবার মানোন্নয়ন সংক্রান্ত উপকমিটি, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।

৫। সদস্য (পিএন্ডডি) ও আহবায়ক, "আমার গ্রাম আমার শহর" কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত উপকমিটি, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।

৬। সদস্য (বিতরণ) ও আহবায়ক, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড-এর অধিক্ষেত্রে শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত উপকমিটি, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।

৭। সদস্য (উৎপাদন) ও আহবায়ক, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি এবং গ্রাহক সচেতনতা সংক্রান্ত উপকমিটি, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।

৮। সদস্য (কোম্পানি অ্যাফেয়ার্স) ও যুগ্ম-আহবায়ক, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি এবং গ্রাহক সচেতনতা সংক্রান্ত উপকমিটি, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।

৯। সকল প্রধান প্রকৌশলী/মহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক(প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী)/অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।

১০। নিয়ন্ত্রক (হিসাব ও অর্থ)/প্রধান চিকিৎসা কর্মকর্তা, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।

১১। সকল সদস্য/সদস্য সচিব, কেন্দ্রীয় সাংগঠনিক কমিটি, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।

১২। সকল উপকমিটির সদস্যগণ, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।

১৩। সিএসও টু চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।

১৪। সকল উপকমিটির সদস্য সচিবগণ, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।

১৫। সকল পরিচালক/ব্যবস্থাপক/তত্ত্বধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।

১৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ঢাকা কম্পিউটার কেন্দ্র, বিউবো, ঢাকা (কার্যবিবরণীটি সংশ্লিষ্ট সকলকে ই-মেইলে প্রেরণ ও বাবিউবো'র ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

১৭। উপ-সচিব, প্রশাসন/অর্থ/উৎপাদন/বিতরণ/অর্থ/পিএন্ডডি/কোম্পানি এ্যাফেয়ার্স/আইন/বোর্ড/সংস্থাপন, বিউবো, ঢাকা।

১৮। অফিস কপি।

১৯/২/২০২০

(মোঃ ইমরুল হোসেন)
সচিব (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা
☏: ০২-৯৫৫৪২০৯
Secretary@bpdb.gov.bd